

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২৯(আগরতলা, ১২।০১)
আমবাসা, ১২ জানুয়ারী, ২০১৮

রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কর্মসূচী নিয়ে ধলাই জেলায় ওরিয়েন্টেশন প্রোগ্রাম

ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে গতকাল আমবাসা পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রে রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কার্যক্রম বিষয়ক জেলা ভিত্তিক এক ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শরবিন্দ রিয়াং জেলা ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রামের উদ্দেশ্য আলোচনা করে বলেন, জন্ম থেকে ১৮ বছর পর্যন্ত বয়সের যে সমস্ত শিশুর জন্মগত শারীরিক প্রতিবন্ধকতার সমস্যা রয়েছে তাদের মানসিক বিকাশের জন্য সরকার বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদান করছে। গ্রামাঞ্চলের জনসাধারণকে রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কার্যক্রমের সুযোগ সুবিধা সম্পর্কে সচেতন করার জন্য তিনি জেলার মেডিক্যাল অফিসার এবং কর্মীদের প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কার্যক্রম কর্মসূচীর নির্দেশিকা অনুসারে জন্ম থেকে ১৮ বছর পর্যন্ত ছেলে-মেয়েদের ঠোঁটকাটা, তালুকাটা, বাঁকা পা সম্পর্কে চিকিৎসা পরিষেবা এবং বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে আলোচনা করেন গুয়াহাটি স্মাইল-এর সিনিয়র ম্যানেজার দিপুল মালাকার, রাষ্ট্রীয় বাল শিশু স্বাস্থ্য কার্যক্রম কর্মসূচীর জেলা কো-অর্ডিনেটর ডাঃ অর্ণব দেবরায়। ধলাই জেলা শিক্ষা আধিকারিক রুবেন্দ্র দৌরাই সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে ছেলে-মেয়েদের সুস্বাস্থ্যের উপর গুরুত্ব আরোপ করে আলোচনা করেন। জেলা ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের মেডিক্যাল অফিসারগণ এবং সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সুপারভাইজারগণ।
